

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৯

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭৮. হজ্জাম বা শিঙ্গা লাগানোর মাধ্যমে কোনো ব্যক্তির উপার্জন করার নিষেধাজ্ঞা

باب فِي النَّهْي عَنْ كَسْبِ الْحَجَّامِ

## আরবী

أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَارِظٍ أَنَّ السَّائِبَ بْنَ يَزِيدَ حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السَّائِبَ بْنَ يَزِيدَ حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كَسْبُ الْحَجَّامِ خَبِيثٌ وَمَهْرُ الْبَغِيِّ خَبِيثٌ وَثَمَنُ الْكَلْبِ خَبِيثٌ

## বাংলা

২৬৫৯. রাফি ইবনু খাদীজ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "শিঙ্গা লাগানোর পারিশ্রমিক ঘৃণ্য, পতিতার উপার্জন ঘৃণ্য, কুকুরের বিক্রি-মূল্য ঘৃণ্য।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, মাসাকাহ ১৫৬৮।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫১৫২, ৫১৫৩ তে। ((আহমাদ ৩/৪৬৪, ৪৬৫, ৪/১৪০, ১৪১; আবু দাউদ, বুয়ূ ৩৪২১; তিরমিয়ী, বুয়ূ ১২৭৫; নাসাঈ, সাইদ ওয়াল যাবাইহ নং ৪২৯৪...।-ফাতহুল মান্নান, হা/২৭৮৫ এর টীকা হতে।– অনুবাদক))

সংযোজনী: এছাড়াও, ইবনু আবী শাইবা ৪/৪২; হাকিম ২/৪২; ইবনু আব্দুল বারর, তামহীদ ২/২২৬; তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/৫২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82944}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন